

দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ  
THE SECURITY PRINTING CORPORATION (BANGLADESH) LTD.

সূত্র নং-৫৩.১৮.৩৩০০.০১৯.০৭.০০২.১৯-৪৯

তারিখঃ ০৬/০১/২০১৯ ইং


ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

করপোরেশনের প্রকৌশল বিভাগের স্যানিটারী, প্রাথমিক, বিবিধ নির্মাণ, মেরামত ও সরবরাহ কাজে ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থ বছর তালিকাভুক্তির জন্য উপযুক্ত যোগ্যতা সম্পন্ন আগ্রহী ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন ফরমসহ নিয়মাবলী ও শর্তাবলী সম্বলিত সিডিউল প্রতিসেট দুইশত টাকা মূল্যে (অফেরৎযোগ্য) নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে আবেদনের মাধ্যমে করপোরেশনের গাজীপুরস্থ প্রধান কার্যালয়ের অর্থ ও হিসাব বিভাগ এবং ঢাকাস্থ লিয়াজে অফিস, ১ম সংলগ্নী ভবন, ৭ম তলা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ হতে ১০/০১/২০১৯ তারিখ হতে ০৪/০২/২০১৯ তারিখ পর্যন্ত রবিবার থেকে বৃহস্পতিবার বেলা ১০-০০টা হতে ১-০০টা পর্যন্ত অফিস কর্মদিবসে ক্রয় করা যাবে।

ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর বরাবরে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস মারফত সীলমোহরকৃত আবেদন ০৫/০২/২০১৯ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে অথবা একই তারিখ ও সময়ের মধ্যে গাজীপুরস্থ প্রধান কার্যালয়ে অথবা ঢাকাস্থ লিয়াজে অফিসে নির্ধারিত ব্যাঙ্ক সরাসরি জমা (ড্রপ) করা যাবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনকারীদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত সকল আবেদন ০৬/০২/২০১৮ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় গাজীপুরস্থ কার্যালয়ে খোলা হবে। অসমাপ্ত, শর্তযুক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। করপোরেশনের স্বার্থে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন বা সকল আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(শেখ গোলাম মোজাদী)

উপ-ব্যবস্থাপক (প্রকৌশল দপ্তর)



→